# তথ্য মন্ত্রণালয়

**১.১। প্রারম্ভের কথা :** স্বাধীনতার পূর্ব হতে এদেশে প্রাদেশিক সরকারের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে জনগণকে অবহিত করার কার্যক্রমটি ‘তথ্য বিভাগ’ নামক একটি দপ্তরের মাধ্যমে পরিচালিত হতো। প্রাদেশিক রাজধানী ঢাকায় অবস্থিত কেন্দ্রীয় দপ্তর তদানীন্তন ১৯টি জেলা তথ্য কর্মকর্তার মাধ্যমে উক্ত কার্যাবলী পরিচালনা করত। দেশের স্বাধীনতা লাভের পর ১৯৭২ সালে ‘তথ্য ও বেতার’ মন্ত্রণালয় নামে একটি পূর্ণাঙ্গ মন্ত্রণালয় গঠন করা হয়। পরবর্তীতে মন্ত্রণালয়ের সকল দায়িত্বাবলী অক্ষুণ্ন রেখে মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে ‘তথ্য মন্ত্রণালয়’ করা হয়।

**তথ্য মন্ত্রণালয় উহার অধীনস্থ ১২টি দপ্তর/সংস্থা যথা :** (১) বাংলাদেশ বেতার (২) বাংলাদেশ টেলিভিশন (৩) গণযোগাযোগ অধিদপ্তর (৪) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (৫) বাংলাদেশ ফিল্ম-আর্কাইভ (৬) তথ্য অধিদপ্তর (৭) বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট (৮) বাংলাদেশ সংবাদ সংস্থা (৯) বাংলাদেশ প্রেস কাউন্সিল (১০) বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড (১১) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ও (১২) চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এর মাধ্যমে কার্যাবলী পরিচালনা করে। এছাড়া বহির্বিশ্বে ৬টি গুরুত্বপূর্ণ শহর: (১) ওয়াশিংটন (২) নিউইয়র্ক (৩) লন্ডন (৪) ইসলামাবাদ (৫) নয়াদিল্লী এবং (৬) কলকাতায় অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের রয়েছে ৬টি প্রেস উইং।

বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, গণযোগাযোগ অধিদপ্তর এবং বাংলাদেশ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর-এর মাধ্যমে প্রচার, প্রকাশনা, বিবৃতি প্রদান, প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন ইত্যাদির দ্বারা তথ্য মন্ত্রণালয় দেশের জনগণকে সরকারের কর্মকান্ড সম্পর্কে অবহিত ও উদ্বুদ্ধকরণ/সম্পৃক্তকরণের কার্যক্রম পরিচালনা করে আসছে। বৈদেশিক মিশনে স্থাপিত প্রেস উইংসমূহের মাধ্যমে সরকারের কার্যক্রমকে বহির্বিশ্বে উপস্থাপন করা হচ্ছে। অপরদিকে দেশের জনগণের বিভিন্ন আশা-প্রত্যাশা এবং বাংলাদেশ সম্পর্কে বহির্বিশ্বের নীতি/সিদ্ধান্ত ও মতামতের বিষয়ে সরকারকে অবহিত রাখছে।

তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের মাধ্যমে চলচ্চিত্র শিল্পের নিয়ন্ত্রণ করে থাকে। The Censorship of Films (Amendment Act, 2006) এবং The Cinematograph Act, 1918 প্রয়োগ করে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড চলচ্চিত্র শিল্পের অশ্লীলতা প্রতিরোধ, রাষ্ট্রবিরোধী কার্যকলাপ প্রতিরোধ, আন্তর্জাতিক সম্পর্ক রক্ষা, ধর্মীয় সম্প্রীতি রক্ষা ইত্যাদি নিশ্চিত করছে। তথ্য মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন চলচ্চিত্র শিল্পের উন্নয়নে প্যাকেজ প্রোগ্রামের মাধ্যমে চলচ্চিত্র নির্মাণে সহায়তা প্রদানকারী একটি অনন্য প্রতিষ্ঠান। চলচ্চিত্র নির্মাতাদেরকে কারিগরী ও প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে এ সংস্থা চলচ্চিত্র শিল্পের উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, বাংলাদেশ প্রেস কাউন্সিল এবং বাংলাদেশ সংবাদ সংস্থা ইত্যাদি দপ্তরের মাধ্যমে যথাক্রমে প্রাচীন ও গুরুত্বপূর্ণ চলচ্চিত্র সংরক্ষণ, সংবাদকর্মী/পেশাজীবীদের প্রশিক্ষণ, সংবাদপত্র জগতের বিরোধ-নিষ্পত্তি এবং দেশী-বিদেশী সংবাদ সংগ্রহ ও পরিবেশন করে আসছে। কিছু সীমাবদ্ধতা সত্ত্বেও তথ্য

মন্ত্রণালয় দক্ষ পরিচালনা ও সমন্বয়ের মাধ্যমে অধীনস্থ দপ্তরসমূহের মাধ্যমে অবাধ তথ্য আদান-প্রদান নিশ্চিত করে দেশের উন্নয়নে যথাযথ ভূমিকা রাখছে।

**তথ্য মন্ত্রণালয়ের উপর ন্যস্ত দায়িত্বাবলী :** বাংলাদেশে সরকারের রুলস অব বিজনেস ১৯৯৬ মোতাবেক তথ্য মন্ত্রণালয়ের উপর নিম্নোক্ত দায়িত্বাবলী অর্পণ করা হয়েছে :—

(১) প্রচার নীতি-অভ্যন্তরীণ ও বহির্বিশ্ব।

(২) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা ও মাননীয় উপদেষ্টা বর্গের দেশ-বিদেশের অডিও ভিজ্যুয়াল পিক্টোরিয়াল এবং প্রেস কভারেজ সংক্রান্ত যাবতীয় বিষয়াদি।

(৩) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের প্রচার কার্যক্রমের সমন্বয় সাধন।

(৪) সংবাদ চিত্র প্রামাণ্য চিত্রসহ ছায়াছবি নির্মাণ বিষয়ক যাবতীয় কার্যাদি।

(৫) সাংবাদিক প্রতিনিধি দলের সফর বিনিময়সহকারে প্রেস সংক্রান্ত বিষয়াদি।

(৬) সরকারি বিজ্ঞাপন নীতিমালা।

(৭) গ্রামীণ প্রচারণা সংস্থাসমূহের রক্ষণাবেক্ষণ।

(৮) ইশতেহার, প্রেসনোট, তথ্য বিবরণী ইত্যাদি তৈরি ও প্রচার।

(৯) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টা এবং মাননীয় উপদেষ্টা বর্গের সফরের সংবাদ কভারেজ।

(১০) কমিউনিটি লিসেনিং স্কীম।

(১১) আইন, বিধি ইত্যাদির বঙ্গানুবাদ।

(১২) গণমাধ্যমের তালিকা প্রণয়ন।

(১৩) তথ্য ও গণমাধ্যমে বাংলাদেশ সরকারের নীতি ও কার্যক্রমের প্রচার ও সংরক্ষণ।

(১৪) প্রেস সংক্রান্ত সমস্যাদি সরকারকে অবহিতকরণ, সংবাদপত্রে প্রতিফলিত জনমতের প্রধান প্রধান বিষয়াদি সরকারকে জ্ঞাতকরণ এবং সংবাদপত্র ও সরকারের মধ্যে লিঁয়াজো রক্ষাকরণ।

(১৫) সংবাদপত্র ও প্রকাশনা আইনসমূহের প্রশাসন বিষয়ক কার্যাদি।

(১৬) সশস্ত্র বাহিনীসহ সকল বাহিনীর প্রচার কার্যক্রম।

(১৭) সংবাদপত্রসমূহের প্রশাসন এবং বই ও সংবাদপত্র বিষয়ক আইন নিয়ন্ত্রণ।

(১৮) পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রচার।

(১৯) বেতার ও মন্ত্রণালয়ের অন্যান্য ইউনিটের সাফল্য অর্জনে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য কণ্ঠশিল্পী ও বাদ্যযন্ত্রী উভয় প্রকারের বিশিষ্ট সংগীত শিল্পী, নৃত্যশিল্পী ও নাট্যশিল্পীদের অথবা তাঁদের অবর্তমানে উত্তরাধিকারীদের আর্থিক সহায়তা প্রদান।

(২০) বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশনের যাবতীয় কার্যাদি।

(২১) জাতীয় সংবাদ মাধ্যমে প্রতিফলিত জনমতের বিশ্লেষণ ও ব্যাখ্যা।

(২২) মহামান্য রাষ্ট্রপতির প্রেস ব্রিফিং/কনফারেন্স/উদ্দেশ্য (Moots)।

(২৩) জাতীয় সংবাদ ও প্রচার মাধ্যমের মনিটরিং সম্পাদনা করে নিয়মিত রাষ্ট্রপতির সমীপে প্রেরণ।

(২৪) মহামান্য রাষ্ট্রপতির সকল বক্তৃতা জাতীয় দলিল হিসেবে সংরক্ষণ।

(২৫) বি. সি. এস. (তথ্য-ক্যাডার) এর প্রশাসন।

(২৬) ট্রাস্টভুক্ত পত্রিকাসমূহের যাবতীয় বিষয়াদি, টাইমস্-বাংলা ট্রাস্ট এবং দৈনিক বার্তা লিঃ।

(২৭) বাধ্যতামূলক চলচ্চিত্র প্রদর্শন।

(২৮) সিনেমাটোগ্রাফিক ছবি প্রদর্শনের অনুমতি প্রদান।

(২৯) সিনেমাটোগ্রাফিক এ্যাক্ট, সিনেমাটোগ্রাফিক এবং সেন্সরশীপ বিষয়ক প্রশাসন।

(৩০) দেশীয় চলচ্চিত্রের উপর জাতীয় পুরস্কার প্রদান।

(৩১) বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন সম্পর্কিত যাবতীয় কার্যাদি।

(৩২) বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।

(৩৩) আর্থিক বিষয়সহ সচিবালয় প্রশাসন।

(৩৪) মন্ত্রণালয় অধিদপ্তর এবং সংস্থাসমূহের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ।

(৩৫) আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে লিঁয়াজো রক্ষা এবং তথ্য মন্ত্রণালয় সম্পর্কিত বিষয়ে অন্যান্য দেশ ও বিশ্ব সংস্থার সাথে চুক্তি সম্পাদন।

(৩৬) তথ্য মন্ত্রণালয়ে ন্যস্তকৃত বিষয়ে যাবতীয় আইন প্রণয়ন।

(৩৭) তথ্য মন্ত্রণালয়ে ন্যস্তকৃত যে কোন বিষয়ের উপর তদন্ত ও পরিসংখ্যান।

(৩৮) আদালতে গৃহীত ফি ব্যতীত তথ্য মন্ত্রণালয়ে ন্যস্তকৃত যে কোন বিষয়ের উপর ফি নির্ধারণ।

[বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রীর স্থলে মাননীয় প্রধান উপদেষ্টা এবং মাননীয় মন্ত্রীর স্থলে মাননীয় উপদেষ্টা নিয়োজিত রয়েছেন।]

১.২। **সাংগঠনিক কাঠামোঃ** তথ্য মন্ত্রণালয়ের উপর ন্যস্ত দায়িত্বসমূহ সম্পাদনের উদ্দেশ্যে মাননীয় উপদেষ্টাসহ ১ জন সচিব, ১ জন অতিরিক্ত সচিব-এর দপ্তরের সাথে ৩ (তিন)টি অনুবিভাগ (Wing), ৯ (নয়) টি অধিশাখা (Branch) এবং ১২ (বার) টি শাখা (Section) বিন্যাস করে তথ্য মন্ত্রণালয়কে সংগঠন করা হয়েছে। মন্ত্রণালয়ে অনুবিভাগ, অধিশাখা ও শাখাসমূহ যথাক্রমেঃ যুগ্ম-সচিব, উপ-সচিব/উপ-প্রধান এবং সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব, সহকারী প্রধান/সিনিয়র সহকারী প্রধানদের পরিচালনায় পরিচালিত হয়। মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো নিম্নে ছক আকারে প্রদর্শন করা হলো (ছক-১)।

৩—

## ১.২। সাংগঠনিক কাঠামোর ছক

# MINISTRY OF INFORMATION

## SECRETARY

Personal-6
1×Secretary
1×PS
1×PO
1×LDA-cum-Typist
2×MLSS

## Additional SECRETARY

Personal-3
1×Additional Secretary
1×PO
1×MLSS

## JOINT SECRETARY (ADMIN & PRESS)

Personal-3
1×Joint Secretary
1×PO
1×MLSS

### DS (Admin)

Personal-3
1×DS
1×PO
1×MLSS

**SAS (Admin-1)**

Personal-19
1×SAS
3×AO
4×LDA
1×Steno-Ty
1×Drarfcy
1×PPC
1×DMO
1×DR(Mot)
4×MLSS
2×DR(Cyl)

**SAS (Admin-2)**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

**SAS (Admin-3)**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

**SAS (Admin-4)**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

ACC. OFFICER

Personal-6
1×ACC.OFF
1×Accountent
1×Asst Acc
1×Cashier
1×LDA-Typ
1×CashSarker

### DS (Press)

Personal-3
1×DS
1×PO
1×MLSS

**SAS (Press-1)**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

**SAS (Press-2)**

### DS (TaGa)

Personal-3
1×DS
1×PO
1×MLSS

**SAS (Taga-1)**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

**SAS (Taga-2)**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

### Summery Of Manpower

| | |
|---|---|
| Class I | 39 |
| Class II | 33 |
| Class III | 36 |
| Class IV | 37 |
| Grand Total | 145 |

### Transport & Office equipment

Transport
3 x Microbus
1 x Motor cycle
1 x Bicycle

Office equipment
11 x Air Conditioner
11 x Type writer
3 x Photostat Machine
2 x Duplicating Machine
2 x Calculating Machine
47 x Computer
3 x Fax Machine
2 x Server

## JOINT SECRETARY(DEVELOPMENT)

Personal-3
1×Joint Secretary
1×PO
1×MLSS

### DS (Law-Arch & Film)

Personal-3
1×DS
1×PO
1×MLSS

**SAS (Law)**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-T
1×MLLS

**SAS Archa**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

**SAS (Film)**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

### Deputy Chief

Personal-3
1×DC
1×PO
1×MLSS

**PPO**

Personal-10
1×PPO
1×APPO
1×SO
1×Evalutor
1×AO
1×Steno-Ty
1×Driver
1×LDA-Typ
2×MLLS

**Asst. Chief**

Personal-8
1×AC
2×RO
1×AO
1×Statis Ass
1×Steno-Ty
1×Typist
1×MLLS

### System Analyst

Personal-6
1×System Analyst
1×Programmer
1×Asst.Maintance Eng.
2x Computer Operator
1x MLSS

## JOINT SECRETARY(BROADCAST)

Personal-3
1×Joint Secretary
1×PO
1×MLSS

### DS (TV)

Personal-3
1×DS
1×PO
1×MLSS

**SAS**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-T
1×MLLS

**SAS**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-T
1×MLLS

### DS (Betar)

Personal-3
1×DS
1×PO
1×MLSS

**SAS**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-T
1×MLLS

**SAS**

Personal-4
1×SAS
1×AO
1×Steno-Ty
1×MLLS

**১.৩। অনুমোদিত পদঃ তথ্য মন্ত্রণালয় এবং বহির্বিশ্বে ৬টি প্রেস উইংয়ের অনুমোদিত পদ ও বর্তমান লোকবল পরিস্থিতি ছক আকারে দেখানো হলো :**

**মন্ত্রণালয় :**

| ক্রমিক | পদের নাম | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| | **১ম শ্রেণী** | | |
| ১ | সচিব | ১ | |
| ২ | অতিরিক্ত সচিব | ১ | |
| ৩ | যুগ্ম-সচিব | ৩ | |
| ৪ | উপ-সচিব | ৬+৩=৯ | |
| ৫ | উপ-প্রধান | ১ | |
| ৬ | সিস্টেম এনালিস্ট | ১ | |
| ৭ | জনসংখ্যা কার্যক্রম অফিসার | ১ | |
| ৮ | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব | ১৬-৩=১৩ | |
| ৯ | হিসাবরক্ষণ কর্মকর্তা | ১ | |
| ১০ | সহকারী প্রধান | ১ | সহকারী প্রধান বর্তমানে সিনিয়র সহকারী প্রধান |
| ১১ | গবেষণা কর্মকর্তা | ২ | গবেষণা কর্মকর্তা, মূল্যায়ন কর্মকর্তা ও পরিসংখ্যান কর্মকর্তা বর্তমানে সহকারী প্রধান |
| ১২ | মূল্যায়ন কর্মকর্তা | ১ | |
| ১৩ | পরিসংখ্যান কর্মকর্তা | ১ | |
| ১৪ | সহকারী জনসংখ্যা কার্যক্রম অফিসার | ১ | |
| ১৫ | প্রোগ্রামার | ১ | |
| ১৬ | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | ১ | |
| | **মোট=** | **৩৯** | |
| | **২য় শ্রেণী** | | |
| ১৭ | প্রশাসনিক কর্মকর্তা | ১৯ | |
| ১৮ | ব্যক্তিগত কর্মকর্তা | ১৪ | |
| | **মোট=** | **৩৩** | |
| | **৩য় শ্রেণী** | | |
| ১৯ | হিসাবরক্ষক | ১ | |
| ২০ | সহকারী হিসাবরক্ষক | ১ | |
| ২১ | পরিসংখ্যান সহকারী | ১ | |

| ক্রমিক | পদের নাম | পদসংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ২২ | সাঁট-মুদ্রাক্ষরিক | ১৭ | এছাড়া আরো ৮টি পদ মিশনের প্রেস উইংয়ের কাঠামোর অন্তর্ভুক্ত। এর মধ্যে ২টি পদ বিলুপ্ত |
| ২৩ | কম্পিউটার অপারেটর | ২ | |
| ২৪ | অফিস সহকারী | ৪ | |
| ২৫ | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ৫ | ২টি মুদ্রাক্ষরিক পদ অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে রূপান্তরিত |
| ২৬ | ক্যাশিয়ার | ১ | |
| ২৭ | ক্যাশ সরকার | ১ | |
| ২৮ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ১ | |
| ২৯ | ড্রাইভার | ১ | ড্রাইভার পদটি পরিবহন পুলে স্থানান্তরিত |
| ৩০ | দপ্তরী | ১ | |
| ৩১ | পিপিসি | ১ | |
| | **মোট =** | **৩৭** | |
| | **৪র্থ শ্রেণী** | | |
| ৩২ | এম. এল. এস. এস | ৩৫ | |
| ৩৩ | ডেসপাস রাইডার (ডিআর) | ১ | ডিআর পদটি পরিবহন পুলে স্থানান্তরিত |
| ৩৪ | সাইকেল পিয়ন | ২ | |
| | **মোট =** | **৩৮** | |
| | **সর্বমোট =** | **১৪৭** | ড্রাইভার ও ডিআর পদ পুলে স্থানান্তরিত হওয়ায় বিদ্যমান পদ প্রকৃতপক্ষে (১৪৭-২) = **১৪৫টি** |

**প্রেস উইং (বহির্বিশ্বে তথ্য মন্ত্রণালয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন ৬ টি প্রেস উইংয়ের সার্বিক কার্যক্রম উন্নয়ন অনুবিভাগ কর্তৃক পরিচালিত হয়)**:

| ক্রমিক | পদের নাম | মোট | মিশনের নাম/মন্তব্য/বর্তমান অবস্থা |
|---|---|---|---|
| ১। | মিনিস্টার | ১ | নয়াদিল্লী |
| ২। | কাউন্সিলর | ৩ | বর্তমানে ২টি পদ মিনিস্টার (লন্ডন ও ওয়াশিংটন) ও ১টি পদ কাউন্সিলর (ইসলামাবাদ) |
| ৩। | প্রথম সচিব | ৩ | বর্তমানে ২টি পদ (নিউইয়র্ক ও কলিকাতা) বিদ্যমান ও ১টি পদ (টোকিও) বিলুপ্ত |

| ক্রমিক | পদের নাম | মোট | মিশনের নাম/মন্তব্য/বর্তমান অবস্থা |
|---|---|---|---|
| ৪। | দ্বিতীয় সচিব | ১ | রিয়াদ (বিলুপ্ত) |
| ৫। | তথ্য অফিসার | ২ | পদ ২টি (নয়াদিল্লী ও কলিকাতা) ৩য় সচিব পদে নামকরণ করা হয়েছে ও পরে বিলুপ্ত করা হয়েছে |
| ৬। | লাইব্রেরীয়ান | ২ | (নয়াদিল্লী ও কলিকাতা) বিলুপ্ত |
| ৭। | সাঁট-মুদ্রাক্ষরিক | ৮ | ৮টি পদের মধ্যে ২টি পদ বিলুপ্ত (টোকিও ও রিয়াদ)। ৩ টি পদে পিও পদায়িত |
| ৮। | প্রেস সহকারী | ২ | নয়াদিল্লী ও কলিকাতা |
| ৯। | অনুবাদক/মুদ্রাক্ষরিক | ২ | নয়াদিল্লী ও কলিকাতা |
| ১০। | গাড়ী চালক | ৩ | ওয়াশিংটন, লন্ডন ও নয়াদিল্লী |
| ১১। | বার্তাবাহক (গার্ড) | ২ | নয়াদিল্লী ও কলিকাতা |
| | মোট = | ২৯-৮ (বিলুপ্ত)=বিদ্যমান ২১ | |

**বর্তমান লোকবল পরিস্থিতি :**

**মন্ত্রণালয় :**

| ক্রমিক নং | পদ | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষণযোগ্য পদ |
|---|---|---|---|---|---|
| ১। | ১ম শ্রেণী | ৩৯ | ৩১ | ৮ | ৩ |
| ২। | ২য় শ্রেণী | ৩৩ | ৩৩ | - | - |
| ৩। | ৩য় শ্রেণী | ৩৭ | ২৯ | ৮ | ৩ |
| ৪। | ৪র্থ শ্রেণী | ৩৮ | ২৭ | ১১ | ১ |
| | **মোট=** | **১৪৭** | **১২০** | **২৭** | **৭** |

**প্রেস উইং :**

| ক্রমিক নং | পদ | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শুন্য পদ | বছরভিত্তিক সংরক্ষণযোগ্য পদ |
|---|---|---|---|---|---|
| ১। | ১ম শ্রেণী | ৬ | - | ৬ | |
| ২। | ২য় শ্রেণী | - | - | - | |
| ৩। | ৩য় শ্রেণী | ১৩ | ৯ | ৪ | |
| ৪। | ৪র্থ শ্রেণী | ২ | ২ | - | |
| | **মোট=** | **২১** | **১১** | **১০** | |
| | **সর্বমোট=** | **১৪৭+২১=১৬৮** | **১২০+১১=১৩১** | **২৭+১০=৩৭** | |

১.৪। **বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬**

[এই বিধিমালা সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত হলেও ইহা সকল মন্ত্রণালয়ের নন-ক্যাডার ও নন-গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে প্রযোজ্য]

**এস আর ও নং ২৮৬-আইন/২০০৬** ——গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ——

**১। শিরোনাম :**

এই বিধিমালা বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা :**

বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়——

(ক)''কর্তৃপক্ষ'' অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ;

(খ)''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(গ)''কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত'' অর্থ,——

(অ)প্রশাসনিক কর্মকর্তার ক্ষেত্রে Word processing এর অভিজ্ঞতা; এবং

(আ) ব্যক্তিগত কর্মকর্তার ক্ষেত্রে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনার দক্ষতা ও অভিজ্ঞতা;

(ঘ) ''ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা'' অর্থ বাংলাদেশ সচিবালয়ে কর্মরত এমন কোন গেজেটেড কর্মকর্তা যিনি বাংলাদেশ সিভিল সার্ভিসের অধীন বিদ্যমান কোন ক্যাডারের সদস্য নন;

(ঙ)''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(চ)''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ছ)''পদ'' অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(জ)''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লেখিত যোগ্যতা;

(ঝ)''বাংলাদেশ সচিবালয়'' অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয় ও বিভাগ;

(ঞ)''শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ট)''স্বীকৃতি বিশ্ববিদ্যালয়'' বা ''স্বীকৃতি বোর্ড'' অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃতি বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

**৩। নিয়োগ পদ্ধতি :**

(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথাঃ——

(ক)সরাসরি নিয়োগের মাধ্যমে;
(খ)পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লেখিত বয়ঃসীমার মধ্যে না হয়ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতোপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাঁহার ক্ষেত্রে প্রযোজ্য সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

**৪। সরাসরি নিয়োগ :**

(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্য পূরণকল্পে বাছাই বা নির্বাচন কমিটি, লিখিত ও মৌখিক পরীক্ষা ভিত্তিতে, উহার সুপারিশ প্রণয়ন করিবে।

(৪) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক)বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন;

(খ)এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক)নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্য ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদে দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ)এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৬) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি —

(ক)উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ)সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**:

(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী অথবা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণী অথবা ৩য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) কমিশন কর্তৃক নির্ধারিত সিলেবাস অনুযায়ী কমিশন কর্তৃক পরিচালিত পরীক্ষায় উত্তীর্ণ না হইলে সিনিয়র সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি প্রদান করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, পঞ্চাশোর্ধ বয়সের কর্মকর্তাগণের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না। আরও শর্ত থাকে যে, কমিশন কর্তৃক সিলেবাস প্রণয়ন ও পরীক্ষা গ্রহণ না করা পর্যন্ত এই বিধান প্রযোজ্য হইবে না।

(৪) সরকারের উপ-সচিব, যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২ এর বিধান অনুযায়ী সুপিরিয়র সিলেকশন বোর্ড কর্তৃক সুপারিশকৃত না হইলে কোন কর্মকর্তাকে উপ-সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি প্রদান করা যাইবে না।

৬। **শিক্ষানবিস :**

(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসির স্তরে—

(ক)সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ)পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ বা মেয়াদসমূহ সর্বসাকল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাঁহার কর্মদক্ষতা হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক)সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সংশ্লিষ্ট শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ)পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষনবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক)যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে তাহার চাকুরী স্থায়ী করিবে; এবং

(খ)যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ,—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**৭। বিশেষ বিধান :**

(১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা জারী হইবার সঙ্গে সঙ্গে—

(ক)তফসিল ১ এর কলাম ১ এর ক্রমিক ৪ ও ৫ এর বিপরীতে উল্লিখিত প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা পদে ২৮ এপ্রিল, ১৯৯৭ খ্রিস্টাব্দ তারিখে কর্মরত ব্যক্তিগণ দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদায় উক্ত তারিখে উক্ত পদসমূহে পদায়িত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং উক্ত তারিখের পরবর্তীতে উল্লিখিত পদসমূহ তফসিল ১ এ বর্ণিত পদ্ধতিতে পূরণ করিতে হইবে এবং ২৮ এপ্রিল, ১৯৯৭ খ্রিস্টাব্দ তারিখে যে সকল প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড পদে পদায়িত হইয়াছেন তাহারা নন-গেজেটেড পদে যে কোটায় নিয়োগপ্রাপ্ত ছিলেন গেজেটেড পদেও সেই কোটায় নিয়োগপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন;
(খ)যে সকল কর্মকর্তার বয়স পঞ্চাশ বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মকর্তাকে সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদের শিক্ষানবিসকাল শেস হইবার এক বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বিধি ৬(৪) এ বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে;

(গ)তফসিল ১ এ উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণসংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে;

(ঘ)তফসিল ১ এ উল্লিখিত পদসমূহের জন্য (১) The Stenographers and Stento-Typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rulses, 1978; (২) The Typists (Ministries, Divisons and Attached Departments) Recruitment Rulses, 1978; (৩) Lower Officer Assistant

(Ministries, Divisons and Attached Departments) Recruitment Rules, 1979; (8) The Ministries and Division (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984; (৫) সচিবালয়/ মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রধান সহকারী (হেড এ্যাসিসটেন্ট) পদের নিয়োগ বিধি, ১৯৮৬; এবং (৬) নিম্নমান সহকারী-তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম,এল,এস,এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার আওতাভুক্ত বাংলাদেশ সচিবালয়ের কর্মকর্তা বা কর্মচারীগণের ক্ষেত্রে এই বিধিমালার বিধান প্রযোজ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা বলবৎ হইবার অব্যবহিতপূর্বে উক্ত উপ-বিধিতে উল্লিখিত বিধিসমূহের আওতায় কোন কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে তাহা যে সকল ব্যক্তির ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হয় সেই সকল ব্যক্তির ক্ষেত্রে, যতদূর সম্ভব, এই বিধিমালা অনুসারে নিষ্পন্ন করিতে হইবে; এবং এই বিধিমালা বলবৎ হইবার প্রেক্ষিতে বাংলাদেশ সচিবালয়ের ক্যাডার বহির্ভূত গেজেটেড এবং নন-গেজেটেড পদধারীগণের ক্ষেত্রে উক্ত বিধিসমূহের আওতায় ইতোপূর্বে গৃহীত কোন ব্যবস্থা বা সম্পাদিত কার্যের বৈধতা ক্ষুণ্ণ হইবে না।

৮। **রহিতকরণ ও হেফজত:**

(১) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড এবং নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৮ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল-১**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | উপ-সচিব (ক্যাডার বহির্ভূত) | | সিনিয়র সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদধারী কর্মকর্তাগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) সিনিয়র সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে তিন বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br><br>(খ) সরকারের উপ-সচিব, যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | | বিধিমালা, ২০০২ এর বিধান অনুযায়ী সুপিরিয়র সিলেকশন বোর্ড কর্তৃক সুপারিশকৃত। |
| ২। | সিনিয়র সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) | | সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদধারী কর্মকর্তাগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩। | সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) | | প্রশাসনিক কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তা পদধারী কর্মকর্তাগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে (পররাষ্ট্র মন্ত্রণালয়, জাতীয় সংসদ সচিবালয়, নির্বাচন কমিশন সচিবালয় এবং সরকারী কর্মকমিশন সচিবালয় এর সংশ্লিষ্ট পদধারীগণ ব্যতিত)। | (ক) প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা পদে সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী; অথবা<br><br>(খ) প্রশাসনিক কর্মকর্তা বা ব্যক্তিগত কর্মকর্তা পদে বার বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ স্বীকৃতি বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪। | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ্ব ত্রিশ | (ক) মোট পদের শতকরা পয়ষট্টি ভাগ | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | বৎসর | পদ অফিস সহকারী ও অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ ডাটা এন্ট্রি অপারেটর পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে;<br>(খ) মোট পদের শতকরা পনের ভাগ পদ সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(গ) মোট পদের শতকরা বিশ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | অপারেটর, অফিস সহকারী বা অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | ব্যক্তিগত কর্মকর্তা | অনূর্ধ্ব ত্রিশ বৎসর | (ক) মোট পদের শতকরা পঞ্চাশ ভাগ পদ সাঁট-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>সাঁট-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর পদে অন্যূন পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতাঃ<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির ক্ষেত্রে সিলেকশন গ্রেডপ্রাপ্ত সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটরগণকে অগ্রাধিকার প্রদান করিতে হইবে। |
| | | | (ক) মোট পদের শতকরা পঞ্চাশ ভাগ | সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | সাট-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | অফিস সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ. এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | অফিস সহকারী-কাম- মুদ্রাক্ষরিক /ডাটা এন্ট্রি অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) মোট পদের শতকরা ত্রিশ ভাগ পদ প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটং মেশিন অপারেটর, দপ্তরী ও এম.এল.এস.এস পদধারীগণের মধ্য হইতে (অনুমোদিত পদসমূহের সংখ্যার আনুপাতিক হারে) পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) প্লেইন পেপার কপিয়ার হিসেবে তিন বৎসরের, ডুপ্লিকেটং মেশিন অপারেটর হিসেবে পাঁচ বৎসরের, দপ্তরী হিসেবে আট বৎসরের বা এম.এল.এস.এস হিসেবে দশ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | | | (খ) মোট পদের শতকরা সত্তর ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(গ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ ও ইংরেজীতে ২৮টি শব্দের গতি; এবং<br>(ঘ) কম্পিউটার চালনার দক্ষতা।<br>**সরসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) স্বীকৃত ব্যের্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) তফসি-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | প্লেইন পেপার কপিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী ও এম,এল,এস,এস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিরযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে দুই বৎসরের, দপ্তরী পদে পাঁচ বৎসরের বা এম,এল,এস,এস পদে সাত বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | ডুপ্লিকেটিং মেশিন | অনূর্ধ্ব ৩০ | দপ্তরী ও এম,এল,এস,এস | **পদোন্নতির জন্যঃ** |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| | অপারেটর | বৎসর | পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিরযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) দপ্তরী পদে দুই বৎসরের বা এম,এল,এস,এস পদে পাঁচ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের জন্যঃ**<br>(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ১১। | দপ্তরী | | এম,এল,এস, এস পদধারীগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | এম, এল, এস, এস পদে তিন বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ১২। | এম,এল,এস,এস | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস,সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-২**

প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষার বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ২০০ | ৫০% | |
| ১। | বাংলা | ৭৫ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | ইংরেজী | ৭৫ | | ৩ ঘন্টা |
| ৩। | গণিত | ২৫ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২৫ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ২৫ | | |
| | সর্বমোটঃ | **২২৫** | | |

**ব্যাখ্যাঃ** (১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।
(২) কম্পিউটারের Word Processing এর অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৩**

ব্যক্তিগত কর্মকর্তা, সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর, অফিস সহকারী, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি।

| | | | | |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ১০০ | ৫০% | |
| ১। | বাংলা | ৩০ | | ৯০ মিনিট |
| ২। | ইংরেজী | ৩০ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোটঃ | **১১০** | | |

**ব্যাখ্যাঃ** (১) লিখিত পরীক্ষায় এবং তফসিল-৪ এ বর্ণিত সাঁট-লিপি/মুদ্রাক্ষর/কম্পিউটার এ্যাপটিটিউড টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

(২) কম্পিউটারের Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

**তফসিল-৪**
**অংশ ‘ক’**

ব্যক্তিগত কর্মকর্তা, সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর, পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁটলিপি ও মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি।

| পদের নাম | ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সাঁটলিপি | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ শব্দ | ১০০ শব্দ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ শব্দ | ১০০ শব্দ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| | মুদ্রাক্ষর | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ শব্দ | ৫০ শব্দ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক/ কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ শব্দ | ৫০ শব্দ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |

অংশ ‘খ’

ব্যক্তিগত কর্মকর্তা, ও সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর পদধারীগণের সিলেকশন গ্রেডের জন্য সাঁটলিপি ও মুদ্রাক্ষর পরীক্ষার গতি।

| পদের নাম | সাঁটলিপি | | মুদ্রাক্ষর | |
|---|---|---|---|---|
| | ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) |
| ব্যক্তিগত কর্মকর্তা | ১০০ শব্দ | ৭০ শব্দ | ৩৫ শব্দ | ৩০ শব্দ |
| সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ৩০ শব্দ | ২৫ শব্দ |

**ব্যাখ্যাঃ** (১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

(৫) ব্যক্তিগত কর্মকর্তা, ও সাঁট-মুদ্রাক্ষরিক/কম্পিউটার অপারেটর পদে সিলেকশন গ্রেড প্রাপ্তির জন্য অংশ-খ প্রযোজ্য হইবে।

**তফসিল-৫**

অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের মুদ্রাক্ষর গতি, নম্বর ইত্যাদি।

| পদের নাম | ইংরেজীতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলাতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজী মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | বাংলা মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজী পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ শব্দ | ৫০ শব্দ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যাঃ** (১) বাংলা ও ইংরেজী উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**[এসআরও নং ২৮৬-আইন/২০০৬ , তারিখ ৩১-১০-২০০৬]**

**১.৫। GOVERNMENT OF PEOPLE'S REPUBLIC OF**

৫—

# BAGLADESH
# MINISTRY OF ESTABLISHMENT
# NOTIFICATION

**SRO No. 104.L/85/ME/RI/I-9/84/**—In pursuance of the Proclamation of the 24th March, 1982, and in exercise of all powers enabling him in that behalf, the President after consultation with the Bangladesh Public Service Commission is pleased to make the following rules, namely.

## THE COMPUTER PERSONNEL (GOVERNMENT AND LOCAL AUTHORITIES)
## RECRUITMENT RULES, 1985

RECRUITMENT RULES FOR COMPUTER PERSONNEL, 1985

1. **Short title :**

These rules may be called The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985.

2. **Definitions :**

In these rules, unless there is anything repugnant in the subject or context—

(a) "Appointing Authority" means the Government and includes in relation to any specified post or class of such posts, any officer/authorized by the Government to make appointment to such post or class of posts;

(b) "Commission" means the Bangladesh Public Service Commission;

(c) "Probationer" means a person appointed on probation to a specified post;

(d) "Recognized University or Board" means a University or Board established by or under any law for the time being in force and includes any other University or Board declared by the Government, after consultation with the Commission, to be a recognized University or Board for the purposes of these rules;

(e) "Recognized Computer Professional Society" means a Society recognized as such by the Government in consultation with the Commission;

(f) "Requisite qualification" in relation to a specified post, means the qualification prescribed in the Schedule in relation to that post;

(g) "Schedule" means the Schedule annexed to these rules; and

(h) "Specified post" means a post specified in the Schedule.

3. **Procedure for recruitment :**

(1) Subject to the provision of the Schedule, appointment to a specified post shall be made—

   (a) by direct recruitment;

   (b) by promotion; or

   (c) by transfer on deputation.

(2) No person shall be appointed to a specified post unless he has the requisite qualification and in the case of direct recruitment, he is also within the age limit laid down in the Schedule for that post.

4. **Appointed by direct recruitment :**

(1) No appointed to a specified post by direct recruitment shall be made except upon the recommendation of the Commission.

(2) No person shall be eligible for appointment to a specified post by direct recruitment, if he—

   (a) is not a citizen of Bangladesh; and

   (b) is married to, or has entered into a promise of marriage with a person who is not a citizen of Bangladesh.

(3) No appointment to a specified post by direct recruitment shall be made until—

   (a) the person selected for appointment is certified by a Medical Board set up for the purpose by the Director-General of Health Service/and in the case of Non-gazetted post, by an authorised Medical Officer, to be medically fit for such appointment and that he does not suffer from any such organic defect as is likely to interfere with the discharge of the duties of the post; and

   (b) the antecedents of the person so selected have been verified through appropriate agencies and found to be such as do not render him unfit for appointment in the service of the Republic.

(4) No person shall be recommended for appointment to a specified post unless-

   (a) he applied in such form accompanied by such fee and before such date, as was notified by the Commission while inviting applications for the post; and

   (b) in the case of a person already in Government service or in the service of a local authority he has applied through his official superior.

5. **Appointment by Promotion :**

(1) Appointment by promotion shall be made on the recommendation of such Departmental Selection Board as the Government may constitute in this behalf.

(2) A person shall not be eligible for appointment by promotion to a specified post if he has not been confirmed in any post on the ground of unsatisfactory service records or of his failure to fulfill any other requirement for confirmation in that post.

(3) Appointment by transfer on deputation may made by Government for one Office/Corporation to the other and by Server Corporation authority within their jurisdiction.

6. **Probation :**

(1) Person selected for appointment to a specified post, otherwise than by transfer on deputation, against a server vacancy shall be appointed on probation—

(a) in the case of direct recruitment for period of two years from the date of substantive appointment; and

(b) in the case of promotion, for a period of one year from the date of such appointment;

Provided that the appointing authority may, for reasons to be recorded in writing, extend the period of probation by a period or periods so that the extended period does not exceed two years of the aggregate.

(2) Where during the period of probation of a probationer, the appointing authority is of opinion that his conduct and work is unsatisfactory or that he is not likely to become efficient, it may, before the expiry of that period.—

(a) in the case of direct recruitment, terminate be service; and

(b) in the case of promotion, revert him to the post from which he was promoted.

(3) After the completion of the period of procession including the extended period, if any, the appointing authority.—

(a) if it is satisfied that the conduct and work of the probationer during the period of his probation has been satisfactory shall subject to the provisions of sub-rules (4), confirm him; and

(b) it is of opinion that the conduct and work of the probationer during that period was not satisfactory, may—

(i) in the case of direct recruitment, terminate his service; and

(ii) in the case of promotion, revert his to the post from which he was promoted.

(4) A probationer shall not be confirmed in a specified post until he has passed such examination and training as the Government may, from time to time direct by order—

7 **Repeal :**

These rules supersede all previous rules, regulations or any other legal instruments if any, on recruitment of Computer Personnel in the Government or any local authority.

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| 1. | Director/ General Manager. | Between 30 and 45 years. | (i) 60% by promotion from amongst the Deputy Directors/Deputy General Managers<br><br>(ii) 40% by transfer on deputation or by direct recruitment<br>Or<br>By promotion if no suitable candidate is available by direct recruitment or deputation. | (i) For persons to be appointed by promotion- At least 5 years experience as Systems Manager, or Deputy Director/ Deputy General Manager, relaxable in special cases.<br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation;<br>(iii) High Academic degree (Post-Graduation degree in Computer Science/ Engineering/ Business Administration/ Economics/ Mathematics/ Statistics or M. Phill. in Physics, Applied Physics, Commerce or related subjects) with at least 12 years experience in the line with at least 5 years in any Computer installation.<br>(iv) Membership/ Fellowship or rccognised Computer professional society. |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| 2. | Deputy Director/ Deputy General Manager. | Between 29 and 45 years. | (i) 60% by promotion from amongst the Sr. Systems Analysts and Senior Programmer. | (i) For persons to be appointed by promotion- At least 5 years experience as Senior System Analysts.<br>At least 7 years experience as Senior Programmer, relaxable in special cases.<br>(ii) Direct recruitment:<br>(a) High Academic degree (Post-Graduation degree in Computer Science/ Engineering/ Business Administration/ Economics/ Mathematics/ Statistics or M. Phill. in Applied Physics, Physics, Mathematics, Statistics, Commerce or related subjects) with at least 10 years experience in the line with at least 3 years in any Computer installation.<br>(b) Membership/ Fellowship professional society. |
| 3. | Deputy Director (Systems)/ Systems Manager. | Between 29 and 45 years. | (i) 60% by promotion from amongst the Sr. Systems Analysts and Senior Programmer.<br>(ii) 40% by transfer on deputation or by direct recruitment. Or,<br>By promotion if no suitable candidate is available by direct recruitment or deputation | (i) For persons to be appointed by promotion: At least 5 years experience as Sr. System Analysts, relaxable in special cases.<br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation.<br>(a) High Academic degree (Post-Graduate degree in Computer Science/ Engineering/ Business Administration/ Economics/ Mathematics/ Statistics, Commerce or related subjects) with 10 years experience in line with at least 3 years experience in Computer installation. |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| | | | | (b) Systems Analyst<br>background required.<br>Membership/Fellowship of a recognised Computer Professional Sociity. |
| 4. | Sr. Systems Analyst. | Between 28 and 40 years. | (i) 60% by promotion from amongst the Systems Analysts and Senior Programmer.<br>(ii) 40% by transfer on deputation or by direct recruitment.<br>Or,<br>By promotion if no suitable candidate available by direct recruitment or deputation. | (i) For persons to be appointed by promotion: At least 6 years experience as System Analysts, relaxable in special cases.<br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation.<br>(a) Master Degree in Applied Physics/ Mathematics/ Statistics/ Economics/ Commerce/ Sociology/ Business Administration or B.Sc. (Engineering). Systems Analyst background required.<br>(b) Associate Membership of a Professional Computer Society<br>(c) At least 5 years experience (2 years in case of Master Degree in Computer Science/ Engineering) as Systems Analyst. |
| 5. | Systems Analyst | Between 29 and 40 years. | (i) 60% by promotion from amongst the Asst. Systems Analysts and Programmers. | (i) For persons to be appointed by promotion: At least 5 years experience as Asst. System Analysts or as Programmer with proven ability in System Analysts,, relaxable in special cases. |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| | | | (ii) 40% by transfer on deputation or by direct recruitment. Or, By promotion if no suitable candidate available by direct recruitment or deputation. | (ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation.<br>(a) Master Degree in Applied Physics/ Mathematics/ Statistics/ Economics/ Commerce/ Sociology/ Business Administration or B.Sc. (Engineering).<br>(b) Associate Membership of a recognised Professional Computer Society<br>(c) At least 5 years experience (2 years in case of Master Degree in Computer Science/ Engineering) as Programmer or Assistant Systems Analyst relaxable in special cases. |
| 6. | Asstt. System Analyst | Between 27 and 35 years. | (i) 60% by promotion from amongst the Asst. Programmers.<br>(ii) 40% by transfer on deputation or by direct recruitment. Or, By promotion if no suitable candidate is available by direct recruitment or deputation. | (i) For persons to be appointed by promotion:<br>(a) At least 7 years experience as Asstt. Programmer, relaxable in special cases.<br>(b) Proven ability in Systems Analysts.<br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation.<br>(a) Master Degree in Physics/ Applied Physics/ Mathematics/ Statistics/ Economics/ Commerce/ Sociology/ Business Administration or B.Sc. (Engineering).<br>(b) Associate membership of a recognized Professional Computer Society.<br>(c) Must qualify aptitude and practical test.<br>(d) Proven ability in Systems Analysts. |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| | | | | (e) At least 4 years experience as Assistant Programmer(2 years in case of Master degree in Computer Science/ Engineering) relaxable in special cases. |
| 7. | Senior Programmer | Between 29 to 40 years | (i) 60% by promotion from amongst the Programmer.<br><br>(ii) 40 % by transfer on deputation of by direct recruitment.<br><br>or<br><br>By promotion, if no suitable candidate is available by direct recruitment or deputation. | (i)For persons to be appointed by promotion: At least 5 years experience as Programmer, relaxable in special cases.<br><br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation:<br><br>(a)Master Degree in Physics/Applied Physics /Mathematics/Statistics/ Economics/Commerce/ Sociology/ Business Administration or B. Sc. (Engineering).<br><br>(b)Associate Membership of a recognized Professional Computer Society.<br><br>(c) At least 5 years experience as Programmer (3 years in case of Master Degree in Computer Science/Engineering) relaxable in special cases. |
| 8. | Programmer | Between 27 and 35 years | (i) 60% by promotion from amongst Assistant Programmers.<br><br>40% by transfer on deputation | (i) For persons to be appointed by promotion: At least 7 years experience as Assistant Programmer relaxable in special cases.<br><br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation.:<br><br>(a) Master’s degree in |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| | | | (i) 40 or by direct recruitment.<br>Or<br>By promotion, if no suitable candidate is available by direct recruitment or by deputation. | Physics/Applied Physics/ Mathematics/ Statistic/ Commerce /Economics/Sociology/Business Administration or B.Sc. (Engineering).<br>(b) Associate Membership of a recognized Professional Computer Society.<br>At least 4 years experience as Assistant Programmer (2 years in case of Master degree in Computer Science/ Engineering). |
| 9. | Asstt. Programmer | Between 21 and 27 years | (i) 40% by promotion from amongst the Computer Operator. | (i) For persons to be appointed by promotion:<br>(a) Graduate with 3 years experience in Computer Operation of Graduate with 6 years experience in Data Entry/Control, relaxable in special cases.<br>(b) Must pass standard aptitude test for programming.<br>(c) Training in any High level language such as COBAL,FORTARN and BASIC etc. |
| | | | (ii) 60% by direct recruitment. | (i) For reason to be appointed by direct recruitment:<br>(a) Master Degree in Physics/Applied Physics/Mathematics/Statistics / Economics/Commerce/ Sociology/ Business Administration or B.Sc. (Engineering).<br>(b) Must qualified standard aptitude test for programming.<br>(c) Associate Membership of a recognized Professional Computer Society. |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| 10. | Operation Manager. | Between 30 and 45 years | (i) 60% by promotion from amongst Computer Operation Supervisors.<br>transfer on deputation or by direct recruitment | (i)For persons to be appointed by promotion: At least 6 years experience as Computer Operation Supervisor relaxable in special cases.<br>(ii) For persons to be appointed by direct recruitment: Graduate, preferably Science with 6 years experience as Computer Operation Supervisor or System professional with eligibility of System |
| 11. | Computer Operation Supervisor | Between 27 and 35 years. | (i) 60% by promotion from amongst Sr. Computer Operator.<br>(ii) 40% by transfer on deputation or by direct recruitment.<br>or<br>By promotion, if no suitable candidate is available by direct recruitment. | (i) For persons to be appointed by promotion: At least 7 years experience as Sr. Computer Operator relax able in special cases.<br>ii) For persons to be appointed by direct recruitment: Graduate, preferably Science with 7 years experience as Computer Operator, experience relaxable in special cases. |
| 12. | Sr. Computer Operator | Maximum 30 years | ( (i) 40% by promotion from amongst Computer Operator.<br>(ii) 60% by direct recruitment. | (i) For persons to be appointed by promotion: At least 4 years experience as Computer Operator relaxable in special cases.<br>(ii) For persons to be appointed by direct recruitment:<br>(a) Graduate, preferably Science, with 4 years experience as Computer Operators.<br>(b) Must qualify practical test. |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| 14 | Data Entry/ Control Supervisor | between 22 to 35 years | ((i) 60% by promotion from amongst Sr. Data Entry operator.<br><br>(ii) 40% by direct recruitment. | (i) For persons to be appointed by promotion: At least 7 years experience as Sr. Data Entry/Control operator relaxable in special cases.<br>(ii) For reason to be appointed by direct recruitment:<br>(a) H.S.C with 7 years experience as Data Entry/Control operator.<br>(b) Must qualify practical test. |
| 15 | Sr. Data Entry/ Control Operator | Between 20 and 28 years | Ditto | (i) For persons to be appointed by promotion: At least 2 years experience as Data Entry/Control operator.<br>(ii) For reason to be appointed by direct recruitment:<br>(a) H.S.C with 2 years experience as Data Entry/Control operator.<br>(b) Must qualify practical test with a minimum speed of 10,000 key depressions per hour. |
| 16. | Data Entry/ Control Operator | Between 18 and 27 years. | By direct recruitment. | (i) For reason to be appointed by direct recruitment:<br>(a) H.S.C preferably in Science Group.<br>(b) Must qualify standard aptitude test for Data Entry Operator. |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| 17. | Principle Maintenance Engineer. | Between 30 and 45 years. | (i) 60% by promotion from amongst Sr. Maintenance Engineer.<br>(ii) 40% by transfer on deputation or by direct recruitment.<br><br>By promotion, if no suitable candidate is available by direct recruitment or deputation. | (i) For persons to be appointed by promotion: At least 3 years experience as Sr. Maintenance Engineer or equivalent.<br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation:<br>(a) B.Sc Engineering in Computer Engineering /Electrical or Electronic Engineering.<br>(b) At least 3years experience as Sr. Maintenance Engineer or equivalent. |
| 18 | Sr. Maintenance Engineer. | Between 29 and 40 years | (i) 60% by promotion from amongst Maintenance Engineer.<br>(ii) 40% by transfer on deputation or by direct recruitment.<br>or<br>By promotion, if no suitable candidate is available by direct recruitment or deputation. | (i) For persons to be appointed by promotion: At least 6 years experience as Maintenance Engineer in any Computer installation, relax able in special cases.<br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation:<br>(a) B.Sc Engineering in Computer Engineering/Electrical or Electronic Engineering.<br>(b) At least 5 years experience as Maintenance Engineer in any Computer installation. |

| Sl. No. | Name of the specified post | Age-limit for direct recruitment | Method of recruitment | Qualification and experience |
|---|---|---|---|---|
| 19 | Maintenance Engineer. | Between 22 and 35 years | ( (i) 60% by promotion from amongst Asstt. Maintenance Engineer.<br>(ii) 40% by transfer on deputation or by direct recruitment.<br>or<br>By promotion, if no suitable candidate is available by direct recruitment or deputation. | (i) For persons to be appointed by promotion: At least 7 years experience as Maintenance Engineer in any Computer installation, relax able in special cases.<br>(ii) For persons to be appointed by direct recruitment or by transfer on deputation:<br>(a) B.Sc Engineering in Computer Engineering/Electrical or Electronic Engineering.<br>(b) At least 7 years experience as Maintenance Engineer in any Computer installation |
| 20 | Asstt. Maintenance Engineer. | Between 22 and 35 years | (i) 40% by promotion from amongst Computer Operator.<br>(ii) 60% by direct recruitment. | (i) For persons to be appointed by direct recruitment :<br>(a) B.Sc Engineering in Computer Engineering/Electrical or Electronic Engineering.<br>(b) Must qualify standard aptitude test. |

**[SRO NO 104-L-85/ME-RI/1-9/84, dated 28-02-1985]**

**কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও**
**পরিচালনা নীতিমালা-২০০৮**

# কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০০৮

যোগাযোগের মাধ্যম হিসেবে সহজলভ্যতা, তাৎক্ষনিকতা ও সর্বত্রগামিতার নিরিখে বেতারের ভূমিকা অনস্বীকার্য। বিজ্ঞান ও তথ্য প্রযুক্তির অভূতপূর্ব বিকাশের পরও তাই এই মাধ্যমটির গুরুত্ব উন্নত, উন্নয়নশীল ও স্বল্পোন্নত কোনো দেশে হ্রাস পায়নি। এ কারণেই বাংলাদেশে ১৯৩৯ সালের ১৬ই ডিসেম্বর ঢাকায় বেতার স্বল্পপরিসরে যাত্রা শুরু করে কালের বিবর্তনে গুণে মানে কলেবরে বহুধা বিস্তৃত হয়ে বর্তমান অবস্থায় পৌঁছেছে। বাংলাদেশ বেতার দেশের প্রাচীনতম এবং একক বৃহত্তম পাবলিক সার্ভিস ব্রডকাস্টার হিসেবে বিগত প্রায় সাত দশক ধরে তথ্য, বিনোদন ও শিক্ষার পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধি এবং সর্বোপরি জাতীয় উন্নয়নে সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে। অবাধ তথ্য প্রবাহের যুগে বহুমাত্রিক উপযোগিতার দাবী মেটাতে দেশে ব্যক্তি মালিকানায় বাণিজ্যিক এফ.এম বেতার কেন্দ্র চালু রয়েছে। প্রধানতঃ নগরকেন্দ্রিক এ সকল চ্যানেল বিনোদন অনুষ্ঠান সম্প্রচার করে থাকে। কিন্তু সমাজের একেবারে তৃণমূল পর্যায়ের বিভিন্ন সম্প্রদায় ও জনগোষ্ঠীর জন্য সম্পূর্ণ নিবেদিত কোনো বেতার এখনো দেশে গড়ে উঠেনি। প্রান্তিক এই জনগোষ্ঠীর মুখের ভাষায় তাঁদের অংশগ্রহণ ও ব্যবস্থাপনায় স্থাপিত ও পরিচালিত হতে পারে কমিউনিটি রেডিও স্টেশন, যেখানে তাদের আশা-আকাঙ্খার প্রতিফলন ঘটবে, স্থানীয় জনসাধারণের লোকজ জ্ঞান, সম্পদ ও সংস্কৃতি, আধুনিক জ্ঞান ও আধুনিক প্রযুক্তির সমন্বয় ঘটবে। কমিউনিটি রেডিও দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশ যেমন-ভারত, শ্রীলংকা ও মালয়েশিয়ায় চালু করা হয়েছে। এ বাস্তবতার আলোকে বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠী ও বিভিন্ন সম্প্রদায়ের (নিজস্ব) কমিউনিটি রেডিও থাকা অত্যাবশ্যক।

**১. সংজ্ঞা-কমিউনিটি রেডিওঃ**

(ক)'কমিউনিটি' হচ্ছে একটি নির্দিষ্ট জনগোষ্ঠী যার অন্তর্ভূক্ত ব্যক্তিবর্গ সমধর্মী কিছু লোকজ, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্যের অধিকারী। তারা সুনির্দিষ্ট ভৌগোলিক অবস্থান যেমন কোনো বিশেষ শহর, গ্রাম কিংবা মহল্লার মধ্যে থেকে পারস্পরিক আদান-প্রদানে অংশগ্রহণ করে ব্যবসা-বাণিজ্য, বিপণন, সেবা ও মালামাল লেনদেনের মাধ্যমে একই অর্থনৈতিক ও সামাজিক জীবনের অভিন্ন অংশীদার হয়ে থাকে।

(খ)'কমিউনিটি রেডিও' সম্প্রচার কর্মকান্ডের নিয়ন্ত্রনে থাকবে একটি অলাভজনক সেবামূলক প্রতিষ্ঠান। এর মালিকানায় থাকবে নির্দিষ্ট কোনো গোষ্ঠী বা দল এবং এটি পরিচালিত হবে ট্রাস্ট, ফাউন্ডেশন অথবা কোনো এসোসিয়েশনের মাধ্যমে। এর উদ্দেশ্য হচ্ছে কমিউনিটিকে সেবা প্রদান করা এবং স্থানীয় লোকজ, আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক জীবন-বিকাশের সুযোগ তৈরি করে দেওয়া। এটি এক প্রকার জনসেবামূলক সম্প্রচার প্রতিষ্ঠান যা সমগ্র জাতির উন্নতির পরিবর্তে কোনো নির্দিষ্ট জনগোষ্ঠীকে নিয়ে কাজ করবে। কমিউনিটি রেডিও একটি কমিউনিটির

নিজস্ব সম্পদ যা একটি জনপদের নিজস্ব ধ্যান-ধারণা, বিচার-বিবেচনা ও চিন্তা- চেতনার যথাযথ প্রতিফলন ঘটাবে।

(গ) কমিউনিটি রেডিও এমন একটি মাধ্যম যা তৃণমূল পর্যায়ের মানুষের আত্মপ্রকাশ ও বিকাশের ক্ষেত্র প্রস্তুত করে, প্রান্তিক মানুষের প্রকাশ বাহন এবং তাদের যোগাযোগের মূল মাধ্যম হিসাবে কাজ করে। সর্বোপরি এটি সমাজের গণতান্ত্রিক প্রক্রিয়াকে জোরদার করে।

(ঘ) কমিউনিটি রেডিও হচ্ছে একটি সম্প্রচার পদ্ধতি যা কোনো বিশেষ জনগোষ্ঠীর প্রচেষ্টায় প্রতিষ্ঠিত এবং যা জনগোষ্ঠীর কল্যাণে পরিচালিত হয়/

## ২. কমিউনিটি রেডিও’র মৌলিকনীতিসমূহঃ

আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও গ্রহণযোগ্য কমিউনিটি রেডিও’র মূলনীতিগুলো বাংলাদেশেও অনুসৃত হবে। কোনো সংস্থা বা প্রতিষ্ঠান যদি কমিউনিটি রেডিও পরিচালনা করতে চায় তাহলে সে সংস্থা বা প্রতিষ্ঠানকে নিম্নেবর্ণিত নীতিমালা প্রতিপালন করতে হবেঃ-

(ক)সংস্থা বা প্রতিষ্ঠানটিকে অবশ্যই অলাভজনক হতে হবে;

(খ) কমিউনিটি রেডিও’র সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার কমপক্ষে পাঁচ বছর কমিউনিটি পর্যায়ে কাজ করার অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে;

(গ) কমিউনিটি রেডিও স্টেশনকে অবশ্যই নিশ্চিত ও সুনির্দিষ্টভাবে কমিউনিটি’র লোকজনকে সেবা প্রদান করতে হবে;

(ঘ) সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নির্দিষ্ট জনগোষ্ঠীর ধ্যানধারণার প্রতিফলন সমৃদ্ধ একটি পরিচালনা পর্ষদ থাকতে হবে।

(ঙ) সম্প্রচার অনুষ্ঠানসূচিতে কমিউনিটি শিক্ষা, স্বাস্থ্য ও সমাজ, নারীর অধিকার, গ্রামীণ ও এলাকাভিত্তিক উন্নয়ন, পরিবেশ, আবহাওয়া ও সাংস্কৃতিক বিষয় অন্তর্ভুক্ত থাকতে হবে এবং এতে অবশ্যই জনগোষ্ঠীর সংশ্লিষ্টতা থাকতে হবে;

(চ) সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানটির অবশ্যই আইনগত বৈধতা থাকতে হবে; এবং

(ছ) সম্প্রচারের পরীক্ষামূলক সম্প্রচার পর্বে গ্রামীণ জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিতে হবে। মূল ধারার গণমাধ্যমের সুযোগ এবং সুবিধা বঞ্চিত জনগোষ্ঠী কমিউনিটি রেডিও স্থাপনের ক্ষেত্রে অগ্রাধিকার লাভ করবে।

## ৩. বাংলাদেশে কমিউনিটি রেডিও স্থাপন ও পরিচালনার অনুমতি/লাইসেন্স প্রাপ্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতাঃ

৩.১ কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে নিম্নোক্ত সংস্থা বা প্রতিষ্ঠানসমূহ আবেদন করার যোগ্য হবে বলে বিবেচিত হবেঃ

ক. সরকারি গবেষণা ও উন্নয়ন সংস্থা বা প্রতিষ্ঠান সমূহ যা' ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি প্রতিপালন করবে;

খ. বেসরকারি উন্নয়ন সংস্থা বা প্রতিষ্ঠানসমূহ যাদের কমপক্ষে পাঁচ বছরের দারিদ্র বিমোচন/গণমাধ্যম/তথ্যপ্রযুক্তি সম্পর্কিত কাজের অভিজ্ঞতা আছে এবং যাহা ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাদি প্রতিপালন করবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার অবশ্যই আইনগত বৈধতা থাকতে হবে কিংবা এনজিও ব্যুরোর রেজিষ্ট্রিভুক্ত হতে হবে।

৩.২ **নিম্নলিখিত সংস্থা বা প্রতিষ্ঠান কমিউনিটি রেডিও পরিচালনার জন্য যোগ্য বলে বিবেচিত হবে নাঃ**

ক. ব্যক্তিগত বা যৌথভাবে পরিচালিত ব্যবসা প্রতিষ্ঠান;

খ. রাজনৈতিক দল বা তাদের অংগসংগঠন যেমন ছাত্র সংগঠন , ট্রেড ইউনিয়ন ইত্যাদি;

গ. দেশি-বিদেশি যে সব কোম্পানি যারা মালিক বা শেয়ার হোল্ডারকে লভ্যাংশ প্রদান করে থাকে;

ঘ. আন্তর্জাতিক/বিদেশী বেসরকারি সংস্থা বা বিদেশী সম্প্রচার সংস্থা/চ্যানেল; এবং

ঙ. সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোনো প্রতিষ্ঠান বা সংস্থা।

**৪. লাইসেন্সিং প্রক্রিয়াঃ**

৪.১ বাংলাদেশে **কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনে আগ্রহী যোগ্য প্রতিষ্ঠান বা সংস্থাকে এ সংক্রান্ত লাইসেন্স প্রাপ্তির জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করতে হবেঃ**

৪.১.১ সরকার জনস্বার্থে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনে আগ্রহী যোগ্য প্রতিষ্ঠান বা সংস্থার নিকট হতে এ সংক্রান্ত অনুমোদন প্রদানের উদ্দেশ্যে নির্ধারিত ছকে আবেদন আহবান করবে;

৪.১.২ গৃহীত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই পূর্বক যোগ্য আবেদনকারী নির্বাচনের জন্য তথ্য মন্ত্রণালয় একটি রেগুলেটরি কমিটি ও একটি কারিগরি উপ-কমিটি গঠন করবে;

৪.১.৩ কারিগরি উপ-কমিটি ও রেগুলেটরি কমিটি কর্তৃক নির্বাচিত আবেদনকারী সংস্থা বা প্রতিষ্ঠান সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করা হবে;

৪.১.৪ অনুমোদন প্রদানের পূর্বে তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি) হতে 'ফ্রিকোয়েন্সি প্রাপ্যতার সম্ভাব্যতা' প্রতিবেদন গ্রহণ করবে। সম্প্রচার কার্যক্রম আরম্ভ করার জন্য অনুমোদন প্রাপ্ত **প্রতিষ্ঠান বা সংস্থাকে** বি.টি.আর.সি. থেকে ফ্রিকোয়েন্সি (তরঙ্গ) বরাদ্দ নিতে হবে;

৪.১.৫ পরীক্ষামূলক সম্প্রচার পর্বে একটি প্রতিষ্ঠান বা সংস্থা কেবলমাত্র একটি কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনার লাইসেন্স পাবে;

৪.১.৬ প্রাথমিক অনুমোদন প্রাপ্তির ১(এক) বছরের মধ্যে আবেদনকারীকে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন করতে হবে। কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের লক্ষ্যে রেডিওর যন্ত্রপাতি আমদানি ও প্রতিস্থাপনের জন্য অবশ্যই দেশের প্রচলিত আইন, বিধিবিধান মেনে চলতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থাকে বিটিআরসি'র শর্তসমূহ প্রতিপালন করতে হবে। চূড়ান্ত অনুমোদন/লাইসেন্স পাওয়ার পর সম্প্রচার কার্যক্রম শুরু করবে। প্রথমে পরীক্ষামূলক প্রকল্প হিসেবে অনুমোদন প্রাপ্তির তারিখ হতে দুই বছরের জন্য পরীক্ষামূলক লাইসেন্স দেওয়া হবে।

**৪.২ লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে নিম্নোক্ত শর্তাবলী পূরণ করতে হবেঃ**

ক. কোনো প্রতিষ্ঠান বা সংস্থা যে এলাকায় কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনে আগ্রহী সেখানকার স্থানীয় জনগণের সাথে উন্নয়নমূলক কাজের অন্ততঃপক্ষে পাঁচ বছরের প্রমাণিত অভিজ্ঞতা থাকতে হবে;

খ. কোনো প্রতিষ্ঠান বা সংস্থা যে ধরনের অনুষ্ঠান প্রচার করতে ইচ্ছুক তার একটি সংক্ষিপ্ত রূপরেখা তৈরি করে আবেদন পত্রের সাথে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

গ. প্রস্তাবিত রেডিও স্টেশনের ব্যবস্থাপনা কাঠামো, অনুষ্ঠান নির্মাণ এবং সম্প্রচারে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের মাত্রার বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে;

ঘ. কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনের তহবিলের উৎস জানাতে হবে। কোনো বেসরকারি সংস্থার সাহায্য নেয়া হলে বা বেসরকারি সংস্থা নিজে উদ্যোক্তা হলে বিদ্যমান আইন অনুযায়ী এনজিও এ্যাফেয়ার্স ব্যুরো থেকে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করতে হবে;

ঙ. যে সকল প্রতিষ্ঠান বা সংস্থা প্রান্তিক এবং সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর উন্নয়নের জন্য কাজ করছে তাদের আবেদনকে অগ্রাধিকার প্রদান করা হবে ।

**৪.৩ লাইসেন্স ফিঃ**

কমিউিনিটি রেডিও একটি উন্নয়নমূলক প্রয়াস এবং অলাভজনক প্রতিষ্ঠান বিধায় সরকার এ জন্য যুক্তিযুক্ত লাইসেন্স ফি ধার্য করেছে। প্রাথমিকভাবে প্রতিটি স্টেশনের জন্য লাইসেন্স ফি ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা এবং বাজেয়াপ্তযোগ্য জামানত ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা ধার্য করা হয়। সরকার যে কোনো সময় এ ফি বা জামানতের পরিমান পুনঃ নির্ধারণের পূর্ণ ক্ষমতা রাখে। ফ্রিকোয়েন্সি ফি বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক নির্ধারিত হবে।

## ৫. কারিগরি কাঠামোঃ

৫.১ প্রত্যেকটি কমিউনিটি রেডিও স্টেশনের ব্যাপ্তি হবে এর অবস্থানকে কেন্দ্র করে চতুর্দিক ১৭ কিলোমিটার। এ জন্য সর্বোচ্চ ১০০ ওয়াট সম্প্রচার শক্তির ট্রান্সমিটার ব্যবহার করা যাবে। তথ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত কারিগরি উপ-কমিটি ও জাতীয় রেগুলেটরি কমিটির সুপারিশ সাপেক্ষে উদ্দিষ্ট জনগোষ্ঠীর অবস্থান বা অসমতল ভৌগলিক অবস্থার ক্ষেত্রে ট্রান্সমিটারের ক্ষমতা ১০০ ওয়াট হতে বৃদ্ধি করে ২৫০ ওয়াট পর্যন্ত করা যেতে পারে;

৫.২ এন্টিনা টাওয়ারের উচ্চতা হবে ভূমি থেকে সর্বোচ্চ ৩২ মিটার। তবে অনুমোদনকারী কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে ছড়িয়ে ছিটিয়ে থাকা জনবসতিপূর্ণ এলাকা যেমন-চরাঞ্চল, পাহাড়ি এলাকাতে কাঙ্খিত কাভারেজ পাওয়ার জন্য উল্লেখিত উচ্চতার তারতম্য হতে পারে। সকল ক্ষেত্রে এন্টিনা গেইন অবশ্যই ৬ ডিবি -এর মধ্যে সীমিত রাখতে হবে;

৫.৩ এফ. এম. ব্যান্ডে ন্যাশানাল ফ্রিকোয়েন্সি এ্যালোকেশান প্ল্যান অনুযায়ী কমিউনিটি রেডিও স্টেশন পরিচালনার জন্য স্থান নির্দিষ্ট করে ফ্রিকোয়েন্সি (তরঙ্গ) প্রদান করা হবে।

## ৬. নীতিমালার অন্যান্য শর্তাবলীঃ

**৬.১ অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থাকে নিশ্চিত করতে হবে যে সম্প্রচারিত অনুষ্ঠানের মধ্যে এমন কিছুই অন্তর্ভূক্ত হবে না যা-**

৬.১.১ অন্য দেশের সমালোচনা করে বা বাংলাদেশের সঙ্গে অন্য দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক-কে ক্ষতিগ্রস্ত করে;

৬.১.২ প্রকাশ্যে অথবা অপ্রকাশ্যে যে কোনো ধর্ম, সম্প্রদায় অথবা জাতিগোষ্ঠীর প্রতি কটাক্ষ করা হয়, যাতে সম্প্রদায় বা জনগোষ্ঠীর মধ্যে বিদ্বেষ তৈরি হয়, যার ফলে উপদলীয় দৃষ্টিভঙ্গির প্রকাশ ঘটে, যা জাতিগত অসন্তোষ তৈরি করে এবং সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করে;

৬.১.৩ অশ্লীল, মানহানিকর যে কোনো বিষয় অথবা কোনো ব্যক্তি (বর্গ), দল বা সংস্থার বিরুদ্ধে ভুল তথ্য পরিবেশন বা দলীয় দৃষ্টিভঙ্গি প্রকাশ করে;

৬.১.৪ হিংসা বা দ্বেষকে উৎসাহিত বা প্ররোচিত করার আশংকা থাকে অথবা আইন-শৃঙ্খলা পরিপন্থী অথবা বিজাতীয় ধারণা বা মনোভাবকে উৎসাহিত করে;

৬.১.৫ আদালত অবমাননা অথবা দেশের ঐক্য নষ্ট করে;

৬.১.৬ রাষ্ট্র এবং সরকারের বিরূপ সমালোচনা ও অহেতুক রটনা করে;

৬.১.৭ দেশের কাউকে ব্যক্তিগত, দলীয় অথবা সমাজের কোন অংশকে অপবাদ বা কুৎসা রটনার মধ্যদিয়ে সমালোচনা করে;

৬.১.৮ কুসংস্কার ও অন্ধ বিশ্বাসে উৎসাহ দেয়;

৬.১.৯ নারী সমাজকে অবহেলা করে;

৬.১.১০ শিশুকে অবহেলা করে;

৬.১.১১ প্রতিবন্ধীকে অবহেলা করে;

৬.১.১২ এ্যালকোহল, মাদক ও ধূমপানে উৎসাহ প্রদান এবং সমর্থন করে;

৬.১.১৩ জাতিগোষ্ঠী, জাতীয়তা, লিঙ্গ, ধর্ম, বর্ণ, বয়স অথবা শারীরিক বা মানসিক প্রতিবন্ধিতার কারণে কোনো ব্যক্তি, দলের বিরুদ্ধে উস্কানি দেওয়া, কুৎসা রটনা করে বা ঘৃণা প্রকাশ করে বা করার উদ্যোগ নেয়;

৬.১.১৪ ধর্মীয় অনুভূতি বা সংবেদনশীলতাকে হীনস্বার্থে ব্যবহারের চেষ্টা করা হয় এমন কিছু; এবং

৬.১.১৫ কোনো নির্দিষ্ট ধর্মীয় দৃষ্টিভঙ্গী ও বিশ্বাসকে খাটো করে দেখা হয়।

## ৭. অন্যান্য নির্দেশাবলীঃ

৭.১ কমিউনিটি রেডিও পরিচালনার মৌলিক উদ্দেশ্য হবে উদ্দিষ্ট জনগোষ্ঠীর সেবা করা এবং তাদেরকে বেতার অনুষ্ঠান সম্প্রচারে অন্তর্ভূক্ত করা।

৭.২ কেবল অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে কমিউনিটি রেডিও স্টেশন স্থাপন ও পরিচালনা করতে পারবেঃ

৭.২.১ লাইসেন্স প্রাপ্ত প্রতিটি স্টেশনের জন্য একটি ব্যবস্থাপনা কমিটি থাকবে। স্টেশন পরিচালনা এবং ব্যবস্থাপনায় উদ্দিষ্ট জনগোষ্ঠী সদস্যদের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। অনুষ্ঠান নির্মাণের ক্ষেত্রে স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

৭.২.২ প্রতিটি স্টেশনে স্থানীয় প্রশাসন, যেমন- উপজেলা নির্বাহী অফিসার ( UNO), অতিরিক্ত জেলা প্রশাসক (যেখানে স্টেশনটি জেলা শহরে অবস্থিত), অতিরিক্ত পুলিশ সুপারের সমমর্যাদার পুলিশ কর্মকর্তা, জাতি গঠনমূলক কাজে নিয়োজিত বিভাগসমূহ যেমন- কৃষি, মৎস্য, পশুসম্পদ, বন ও পরিবেশ, আবহাওয়া অধিদপ্তর, স্বাস্থ্য, বাংলাদেশ বেতারের স্থানীয় স্টেশনের প্রতিনিধি, স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তাদের অংশগ্রহণে একটি করে উপদেষ্টা কমিটি গঠন করতে হবে;

৭.২.৩ অনুমতি/লাইসেন্স প্রাপ্ত স্টেশন ব্যবস্থাপনা ও অনুষ্ঠানে সমতা ও ন্যায়বিচার সমুন্নত রাখতে জাতি, বর্ণ, ধর্ম, শারীরিক প্রতিবন্ধিতা ও লিঙ্গ বিবেচনা সাপেক্ষে প্রান্তিক জনগোষ্ঠীকে বিশেষ অগ্রাধিকার প্রদান করবে;

৭.২.৪ অনুমতি/লাইসেন্স প্রাপ্ত স্টেশন আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে কমিউনিটির লোকদের দক্ষতা বৃদ্ধি নিশ্চিত করবে।

৭.৩ দু'বছরের জন্য লাইসেন্স প্রদান করা হবে। অনুমোদনের বিধি ও শর্ত মেনে চললে এবং কোনো বিধি ভঙ্গ না করলে, সফল সমাপ্তি শেষে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পূর্বোক্ত সময়সীমার মতো অনুমোদনের সময়সীমা গ্রহীতা সংস্থার আবেদনের প্রেক্ষিতে নবায়ন করা যাবে।

৭.৪ লাইসেন্স স্বত্ত্ব হস্তান্তর করা যাবে না। গ্রহীতা প্রতিষ্ঠানের কোন সাংগঠনিক পরিবর্তন হলে তা তাৎক্ষনিক লিখিতভাবে সরকার-কে অবহিত করতে হবে।

৭.৫ বাংলাদেশ বেতারে যদি স্থানীয় বিষয় সংশ্লিষ্ট কোনো অনুষ্ঠান সম্প্রচার হয় তাহলে বিভিন্ন কমিউনিটি রেডিও স্টেশনের মধ্যে অনুষ্ঠান বিনিময়ের অনুমতি দেয়া যেতে পারে। জাতীয় গুরুত্বপূর্ণ অথবা কোন নির্দিষ্ট এলাকা সম্পর্কিত কোন অনুষ্ঠান বাংলাদেশ বেতারে সম্প্রচারিত হওয়ার পর সংশ্লিষ্ট এলাকার কমিউনিটি রেডিও স্টেশনগুলোতে সে অনুষ্ঠান পুন:প্রচার করতে হবে। যেমন জাতির উদ্দেশ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী/উপদেষ্টার ভাষণ, কোনো জাতীয় দিবস উদযাপনের ক্ষেত্রে বিশেষ অনুষ্ঠান ও আবহাওয়া সংবাদ, সরকার বা বাংলাদেশ বেতার কর্তৃক প্রেরিত অনুষ্ঠান সরাসরি সম্প্রচার বা পুন:প্রচার করতে হবে। এছাড়া এলাকা/কমিউনিটি ভিত্তিক অনুষ্ঠানমালা কমিউনিটি রেডিও স্টেশনের মাধ্যমে বিনামূল্যে সম্প্রচার করতে হবে।

৭.৬ কমিউনিটি রেডিওর অনুষ্ঠানমালার বিষয়বস্তুর মধ্যে কৃষি, বয়স্ক ও শিশু শিক্ষা, জেন্ডার ইস্যু, প্রাথমিক স্বাস্থ্য, পরিবেশ ও আবহাওয়া, সমাজ কল্যাণ, বর্তমান বাজার দর, কৃষিজাত পণ্যের চাহিদা, গ্রামীণ এবং এলাকা ভিত্তিক উন্নয়ন, শিশুর যত্ন, মাতৃ স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা, বাংলাদেশ বেতারের জাতীয় সংবাদ, স্থানীয় জনগোষ্ঠির আয় বৃদ্ধির বিষয়গুলোকে প্রাধান্য দিতে হবে। অর্থাৎ কমিউনিটি রেডিওর অনুষ্ঠানমালায় সংশ্লিষ্ট জনগোষ্ঠীর স্বার্থ বিশেষভাবে প্রতিফলিত হবে।

৭.৭ কমিউনিটি রেডিও'তে সম্প্রচারিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর সদস্যদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। অর্থাৎ সংশ্লিষ্ট জনগোষ্ঠী কমিউনিটি রেডিও'র সকল অনুষ্ঠানের পরিকল্পনা, বাস্তবায়ন, পরিচালনা ও মূল্যায়নে অংশ গ্রহণ করবেন।

৭.৭.১ লাইসেন্স গ্রহীতা সংশ্লিষ্ট কমিউনিটির প্রেক্ষাপটে তার রেডিও'তে সম্প্রচারিত অনুষ্ঠানমালার মূল্যায়নের পাশাপাশি কমিউনিটির জনগনের অংশ গ্রহণ বৃদ্ধির জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা দেয়ার মাধ্যমে তাদের আগ্রহ বাড়ানোর পরিকল্পনা করবেন;

৭.৭.২ উন্নয়ন ইস্যু ও নীতির ব্যাপারে উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তার বক্তব্য কমিউনিটি রেডিও স্টেশনে সম্প্রচারিত হবে;

৭.৭.৩ অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মাধ্যমে একটি নির্দিষ্ট অনুষ্ঠানে স্থানীয় তথ্য, ঘটনা এবং প্রজ্ঞাপন (নোটিফিকেশন), স্থানীয় সংস্কৃতি, পরিচয় এবং স্থানীয় ভাষাকে তুলে ধরতে হবে;

৭.৭.৪ অনুষ্ঠান কাঠামো, বিষয়বস্তু, উপস্থাপনা ও ভাষা ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই স্থানীয় সংস্কৃতির প্রতিফলন ঘটাতে হবে।

৭.৮ কমিউনিটি রেডিও যেহেতু স্থানীয় মাধ্যম হিসেবে কাজ করে তাই স্থানীয় উন্নয়ন সংবাদ সম্প্রচারের অনুমতি দেয়া হবে। তবে যে কোনো ধরনের রাজনৈতিক বিষয় সম্প্রচার, সকল প্রকার নির্বাচনী প্রচার ও বিজ্ঞাপন কঠোরভাবে নিষিদ্ধ করা হবে। কমিউনিটি রেডিও স্টেশন শুধু দেশি-বিদেশি রেকর্ডকৃত বিনোদনমূলক ও প্রামাণ্য অনুষ্ঠান বেতার সেন্সর নীতিমালা অনুসরণ সাপেক্ষে সীমিতভাবে প্রচার করতে পারবে। বিদেশী সম্প্রচার সংস্থা/চ্যানেলের সংবাদ ও চলতি ঘটনাভিত্তিক অনুষ্ঠান, আলোচনা ও টক শো সরাসরি বা রেকর্ড করে সম্প্রচার করতে পারবে না।

৭.৯ নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে উন্নয়নমূলক সেবা সংশ্লিষ্ট বিজ্ঞাপন প্রচার করা যাবে:

৭.৯.১ বিজ্ঞাপন উন্নয়নমূলক সেবা সংশ্লিষ্ট হতে হবে এবং নির্দিষ্ট ক্ষেত্রে সীমাবদ্ধ থাকতে হবে;

৭.৯.২ কমিউনিটি রেডিও স্টেশন নিশ্চিত করবে যে অনুষ্ঠান অর্থায়নকারীরা সংশ্লিষ্ট অনুষ্ঠান বা অনুষ্ঠানমালার বিষয়-বস্তু কিংবা স্টাইল এবং স্টেশনের নীতিমালার ব্যাপারে কোন প্রভাব বিস্তার করছে না;

৭.৯.৩ বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নির্দেশনা অনুসরণ করতে হবে।

৭.১০ প্রয়োজনে যে কোন সরকারি কর্তৃপক্ষ যে কোন কমিউনিটি রেডিও স্টেশনের কার্যক্রম নিয়ন্ত্রণ ও মনিটর করতে পারবে। তাই লাইসেন্স গ্রহীতাকে এ ধরণের যে কোন নিয়ম-কানুন মেনে চলতে হবে।

৭.১১ লাইসেন্স গ্রহিতা তথ্য মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট স্টেশনের কার্যক্রম সম্পর্কে ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ করবে। লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান বা সংস্থা প্রাথমিক পর্যায়ে প্রচারিত অনুষ্ঠানমালার রেকর্ডপত্র সংরক্ষণ করবেন। এ ক্ষেত্রে যে কোনো ধরণের ব্যর্থতার জন্য সরকার প্রয়োজন হলে, সংশ্লিষ্ট জমাকৃত জামানত বাজেয়াপ্তকরণসহ অনুমতি/লাইসেন্স বাতিল করতে পারবে।

৭.১২ সরকার কিংবা সরকার অনুমোদিত প্রতিনিধি যে কোনো কমিউনিটি রেডিও স্টেশন ও এর স্থাপনা পরিদর্শন এবং উদ্দিষ্ট জনগোষ্ঠীর স্বার্থ সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করতে পারবেন।

৭.১৩ জাতীয় নিরাপত্তা বা জরুরি অবস্থা/যুদ্ধ অথবা বিরোধমূলক পরিস্থিতি অথবা এ জাতীয় কোনো পরিস্থিতির কারণে সরকার যে কোনো সংখ্যক বা সকল কমিউনিটি রেডিও স্টেশন অধিগ্রহণ বা এর/এগুলোর কার্যক্রম স্থগিত করতে পারবে। এসকল ক্ষেত্রে সরকার যে কোনো সংখ্যক বা সকল কমিউনিটি রেডিও স্টেশন-এর অনুমতি/লাইসেন্স বাতিল করার অধিকার এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তিকে প্রচলিত আইনের আওতায় আনার ক্ষমতা রাখে।

৭.১৪ কোন এলাকা বা জায়গায় সম্প্রচার কেন্দ্র স্থাপনের অনুমতি প্রদান করা হবে সে ক্ষেত্রে সরকারেরর সিদ্ধান্তই চূড়ান্ত হবে। কোনো বিশেষ বার্তা সম্প্রচারের জন্য বা প্রত্যাশিত ও জরুরি

প্রয়োজনে বা জনস্বার্থে অথবা প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে সরকারি নির্দেশ সংশ্লিষ্ট কমিউনিটি রেডিও-কে অবশ্যই মানতে হবে।

৭.১৫ লাইসেন্স গ্রহীতাকে অডিট করা বার্ষিক হিসাব এবং বার্ষিক রিপোর্ট সরকারের কাছে জমা দিতে হবে।

৭.১৬ নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স গ্রহীতা সম্প্রচার কার্যক্রম শুরু করতে ব্যর্থ হলে সরকার অনুমতি/লাইসেন্স বাতিল করতে পারবে।

৭.১৭ কমিউনিটি রেডিও সম্প্রচার কর্তৃপক্ষের নিজস্ব উৎস, সামর্থ বাড়ানো, প্রযুক্তি গবেষণা ও মূল্যায়নের ক্ষেত্রে গুণগত মান বৃদ্ধির জন্যে সরকার কমিউনিটি রেডিও উন্নয়ন তহবিল গড়ে তোলার ব্যাপারে পদক্ষেপ নিতে পারবে।

৭.১৮ সংশ্লিষ্ট সংস্থা ও প্রতিষ্ঠানকে তরঙ্গ ও বেতার যন্ত্র ব্যবহারের ক্ষেত্রে বিটিআরসি কর্তৃক আরোপিত সকল শর্তাবলী মেনে চলতে হবে।

৭.১৯ কমিউনিটি রেডিও স্টেশনের জন্য স্থাপিত টাওয়ার বেসরকারী টেলিফোন অপারেটরদেরকে ব্যবহার করতে দেয়া যাবে না। এ ছাড়া অন্য কোন বেসরকারি কাজেও এসব টাওয়ার ব্যবহার করা যাবে না।

৭.২০ কমিউনিটি রেডিও স্টেশন স্থাপনকারী প্রতিষ্ঠান/সংস্থা নিজস্ব অর্থায়নে সশস্ত্র আনসার দ্বারা স্টেশনের সার্বিক নিরাপত্তা বিধান করবে এবং জাতীয় নিরাপত্তার পরিপন্থী কোনো সম্প্রচার হয়েছে কি না এ মর্মে সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রতিমাসে একটি প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করবে।

৮—— ।ার্থে অথবা যথাযথ সম্প্রচারের জন্য অথবা জননিরাপত্তার স্বার্থে সরকার এই নীতিমালার বিধি ও শর্ত পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।

৭.২২ জনস্বার্থে অথবা সরকারি বিধি-নিষেধ অমান্য করার দায়ে সরকার যে কোনো সময় কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কমিউনিটি রেডিও স্টেশনের অনুমতি/লাইসেন্স বাতিলের অধিকার সংরক্ষণ করে।

**৮. কমিউনিটি রেডিও সম্প্রচার মনিটরিংঃ**

৮.১ সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা প্রতিনিধি বা সংস্থা কমিউনিটি রেডিও স্টেশনের কার্যক্রম মনিটরিং ও নথিপত্র পরীক্ষা-নিরীক্ষা করতে পারবে এবং প্রয়োজনে সম্প্রচারকৃত কোনো অনুষ্ঠানের সিডি **(CD)** স্থানীয় কর্তৃপক্ষের কাছে কমিউনিটি রেডিও স্টেশন জমা দিতে বাধ্য থাকবে;

৮.২ উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধি, বাংলাদেশ বেতারের স্থানীয় স্টেশনের প্রতিনিধি, স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সমন্বয়ে একটি স্থানীয় উপদেষ্টা কমিটি গঠন করতে হবে। ঐ কমিটি নিয়মিতভাবে সংশ্লিষ্ট কমিউনিটি রেডিও স্টেশনের কার্যক্রম মনিটর করবে এবং প্রতিমাসে সরকারের নিকট একটি প্রতিবেদন জমা দেবে;

৮.৩ উপদেষ্টা কমিটি কমিউনিটি রেডিও স্টেশনের শক্তি ও দুর্বলতার নিরিখে সংশ্লিষ্ট স্টেশনকে প্রয়োজনীয় পরামর্শ দেবে;

৮.৪ কমিউনিটি রেডিও'র অনুষ্ঠানে উপজেলা পর্যায়ের সরকারি কর্মকর্তাদের অংশগ্রহণকে উপদেষ্টা কমিটি উৎসাহিত করবে;

৮.৫ কমিউনিটি রেডিও'র মাধ্যমে উন্নয়ন বিষয়ক বিজ্ঞাপন/সরকারি বিজ্ঞাপন দেয়ার ব্যাপারে উপদেষ্টা কমিটি সংশ্লিষ্টদের উৎসাহিত করবে;

৮.৬ অনুষ্ঠানের মান উন্নয়নের জন্য কমিউনিটি রেডিওর জন্য গঠিত উপদেষ্টা কমিটি সময় সময় প্রয়োজনীয় কাউন্সেলিং সেবা দেবে;

**৮.৭** তথ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত কেন্দ্রীয় মনিটরিং কমিটি কমিউনিটি রেডিও পরিচালনা সংক্রান্ত সার্বিক বিষয়ে তদারকি করবে এবং সময় সময় মন্ত্রণালয়কে অবহিত করবে।

❑